সংবাদ

তারিখ ... 25 JUN 2016 ...
পৃষ্ঠা ...৪... কলাম ...২...

# একশ' উপজেলায় টেকনিক্যাল স্কুল স্থাপন করা হবে : শিক্ষামন্ত্রী

নিজস্ব বার্তা পরিবেশক

দেশের একশটি উপজেলায় টেকনিক্যাল স্কুল স্থাপনের কার্যক্রম হাতে নেয়া হয়েছে বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। গতকাল ঢাকা পলিটেকনিক ইনস্টিটিউটে কারিগরি শিক্ষা অধিদফতরের মহাপরিচালকের সঙ্গে কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহের অধ্যক্ষদের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে একথা বলেন তিনি। দেশের ১১৯টি সরকারি পলিটেকনিক ও টেকনিক্যাল স্কুল অ্যান্ড কলেজের অধ্যক্ষরা কারিগরি শিক্ষা অধিদফতরের মহাপরিচালক ও মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব অশোক কুমার বিশ্বাসের সঙ্গে ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর করেন। অনুষ্ঠানে শিক্ষা সচিব মো. সোহরাব হোসাইনও বক্তব্য রাখেন।

নুরুল ইসলাম নাহিদ বলেন, দেশে কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষার সুযোগ প্রসারিত করতে প্রতিটি উপজেলায় ১টি করে টেকনিক্যাল স্কুল স্থাপনের কার্যক্রম সরকার গ্রহণ করেছে। প্রথম পর্যায়ে ১০০ উপজেলায় এ ধরনের টেকনিক্যাল স্কুল স্থাপনের কার্যক্রম হাতে নেয়া হয়েছে। দ্বিতীয় পর্যায়ে অবশিষ্ট ৩৮৯টি উপজেলায় টেকনিক্যাল স্কুল স্থাপনের লক্ষ্যে গৃহীত প্রকল্প প্রস্তাব পরিকল্পনা কমিশনে অনুমোদনের অপেক্ষায় রয়েছে। শিক্ষামন্ত্রী বলেন, সরকারের লক্ষ্যমাত্রা অনুযায়ী ২০২০ সাল নাগাদ মোট শিক্ষার্থীর ২০ শতাংশ কারিগরি শিক্ষায় নিয়ে আসা গেলে দেশে বেকারত্ব অনেকাংশে দূর হবে। গত সাড়ে ৭ বছরে মন্ত্রণালয়ের বিভিন্ন পদক্ষেপের ফলে কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষায় শিক্ষার্থী ভর্তির হার ১ থেকে ১৩ শতাংশে উন্নীত করা সম্ভব হয়েছে।